তারিখ 03 APR 2016
পৃষ্ঠা ২ ৩ কলাম ৬

দৈনিক
ইত্তেফাক

# সরকারি মাদ্রাসার ১৪২ বছর পূর্তি উৎসব

■ স্টাফ রিপোর্টার, রাজশাহী

বর্ণাঢ্য আয়োজনের মধ্যদিয়ে রাজশাহী সরকারি মাদ্রাসার ১৪২ বছর পূর্তি উৎসবের উদ্বোধন হয়েছে। গত শনিবার বেলা ১১টায় মাদ্রাসা মাঠে প্রধান অতিথি হিসেবে জাতীয় পতাকা উত্তোলন ও বেলুন-ফেস্টুন উড়িয়ে উৎসবের উদ্বোধন করেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম এমপি। মাদ্রাসার প্রাক্তন ছাত্র ফোরামের সভাপতি অধ্যক্ষ শফিকুর রহমান বাদশার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন রাজশাহী সদর আসনের সংসদ সদস্য ফজলে হোসেন বাদশা, রাজশাহী-৫ আসনের সংসদ সদস্য কাজী আব্দুল ওয়াদুদ দারা, রাজশাহী সিটি কর্পোরেশনের দায়িত্বপ্রাপ্ত মেয়র নিযাম উল আযীম। অনুষ্ঠানে মাদ্রাসার শিক্ষক ও ১৯৪৯ সালের ব্যাচ হতে বর্তমান শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

এর আগে মাদ্রাসা ময়দান থেকে এক বর্ণাঢ্য র‌্যালি নগরীর জিরো পয়েন্ট প্রদক্ষিণ করে একই স্থানে শেষ হয়। দিনব্যাপী উৎসবের দ্বিতীয় পর্বে স্মৃতিচারণ ও সমাপনী এবং সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।